



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৪১৬

তারিখ: ১৩/১২/২০২৩ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে ‘তথ্য অধিকার আইন’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে কর্মকর্তাদের নিয়ে ‘তথ্য অধিকার আইন’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৩ ডিসেম্বর) সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের ভার্চুয়াল ক্লাস রুমে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এফ এম আবদুল মঈন। সেমিনারের মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন কুমিল্লা স্থানীয় সরকারের উপ পরিচালক (উপ সচিব) মো. মিজানুর রহমান। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. মো. গোলাম মর্তুজা তালুকদার।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এফ এম আবদুল মঈন বলেন, কোন একটি প্রতিষ্ঠানে সুশাসন প্রতিষ্ঠা করার ক্ষেত্রে তথ্য অধিকার আইন গুরুত্বপূর্ণ। সবার যেমন তথ্য জানার অধিকার রয়েছে, তেমনি তথ্য দেয়ার ক্ষেত্রে আমাদেরও জানতে হবে, গোপনীয় তথ্য দেয়ার ক্ষেত্রে আইন কি বলে। কারণ গোপনীয় তথ্য অনেক সময় প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ গোপনীয়তা নষ্ট করতে পারে।

এসময় মাননীয় উপাচার্য সবাইকে সেমিনার উপভোগের পাশাপাশি সেমিনারে পারস্পরিক আলোচনার মাধ্যমে বিষয়গুলো জানার আহ্বান করেন।

সেমিনারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ প্রশিক্ষণার্থী হিসেবে উপস্থিত ছিলেন।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি